তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

# বাউবির উপ-উপাচার্য ডক্টর খোন্দকার মোকাদ্দেম হোসেন



বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজবিজ্ঞানী ও দুর্যোগ ব্যবস্থাপনা বিশেষজ্ঞ অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপ-উপাচার্য হিসেবে দ্বিতীয় মেয়াদে নিয়োগ পেয়েছেন। বিশ্ববিদ্যালয় আইনের ১৪ (১) ধারা অনুযায়ী রাষ্ট্রপতি ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর আগের মেয়াদ উত্তীর্ণের পর উপ-উপাচার্য হিসেবে ৪ বছরের জন্য তাকে এ নিয়োগ প্রদান করেন। তিনি ২০১২ সালের ২৩ সেপ্টেম্বর উপ-উপাচার্য পদে যোগদান করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে তিনি সমাজবিজ্ঞানে অনার্সসহ এমএসএস এবং জনসংখ্যা বিষয়ে এমএসএস ডিগ্রি অর্জন করেন। এ ছাড়া নিউজিল্যান্ডের ম্যাসি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার ম্যানেজমেন্ট ও ভালরেনাবিলিটি স্টাডিজের অধ্যাপক ড. মাহবুবা নাসরিন তার সহধর্মিণী এবং তাদের এক পুত্রসন্তান রয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি।